

ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি কোর্সে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

পত্র নং- ২২.০১.০০০০.০০৪.০৪.০৪.১৪.৬৯০

তারিখঃ ০৭/০৭/২০১৪ইং

বন অধিদপ্তরের আওতাধীন ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রামে ০৪ (চার) বছর মেয়াদী “ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি” শিক্ষাক্রমে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ৫০টি আসনের বিপরীতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হচ্ছে।

শিক্ষাক্রম	ভর্তির শিক্ষাগত যোগ্যতা	ভর্তির আবেদনপত্র বিতরণ ও গ্রহণ	ভর্তি পরীক্ষায় অংশগ্রহণযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রকাশ	ভর্তি পরীক্ষা	মেধা তালিকা ভুক্ত শিক্ষার্থীদের ভর্তি	অপেক্ষমান তালিকাভুক্ত শিক্ষার্থীদের ভর্তি	ক্রাশ আরম্ভ
ডিপ্লোমা ইন ফরেস্ট্রি (৪ বছর মেয়াদী)	২০১২, ২০১৩ ও ২০১৪ সনে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি/দাখিল/ এসএসসি(ভোক)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০সহ কমপক্ষে জিপিএ ৩.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।	০৯/০৭/১৪ হতে ১৭/০৭/১৪ পর্যন্ত	২০/০৭/১৪ ইং	২১/০৭/১৪ ইং	২২/০৭/১৪ইং হতে ২৩/০৭/১৪ইং পর্যন্ত	২৪/০৭/১৪ইং	১৬/০৮/১৪ ইং

আবেদনপত্র দাখিলের নিয়মাবলীঃ

www.eduresultbd.com

- ভর্তির আবেদন ফরম বন অধিদপ্তরের নিম্নোক্ত যে কোন দপ্তর হতে সংগ্রহ করা যাবে এবং তা যথাযথভাবে স্বহস্তে পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে।
- ভর্তির আবেদন ফরম সংগ্রহের সময় ভর্তির আবেদন ফরমের মূল্য ও ভর্তি ব্যবস্থাপনা ব্যয় বাবদ ১২০ (একশত বিশ) টাকা নগদ প্রদান করতে হবে।
- আবেদনপত্রের সাথে এসএসসি/দাখিল/এসএসসি (ভোক)/দাখিল(ভোক)/সমমান পরীক্ষায় উত্তীর্ণের একাডেমিক ট্রান্সক্রিপ্ট, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত আলোকছাপ এবং আবেদনকারীর ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- উপরে বর্ণিত ১, ২ ও ৩ নং শর্তানুযায়ী আবেদন দাখিল করা না হলে তা বাতিল বলে গণ্য হবে।

মেধা তালিকা প্রণয়নের ভিত্তিঃ

- এসএসসি/দাখিল/এসএসসি (ভোক)/দাখিল (ভোক)/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর জন্য ৫০ নম্বর এবং ৫০ নম্বরের ভর্তি পরীক্ষা মিলিয়ে মোট ১০০ নম্বরের ভিত্তিতে এবং সরকার কর্তৃক নির্ধারিত বিশেষ কোটা ও জেলা কোটা অনুসরণপূর্বক মেধা তালিকা প্রণয়ন করা হবে।
- ভর্তির জন্য মোট আসন সংখ্যার সমসংখ্যক একটি তালিকা এবং আসন সংখ্যার সমসংখ্যক একটি অপেক্ষমান তালিকা মেধাক্রম অনুসারে প্রণয়ন করা হবে। উভয় তালিকা একই সাথে নিম্নে বর্ণিত দপ্তরসমূহের নোটিশ বোর্ডে টানানো হবে।
- মেধাতালিকা প্রকাশের পর উপরে বর্ণিত সময়সূচী অনুযায়ী ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রামে ভর্তি হতে হবে। মেধা তালিকায় বর্ণিত কোন শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হলে অপেক্ষমান তালিকা হতে শূন্য আসনে ভর্তি করা হবে।
- ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রাম একটি সম্পূর্ণ আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নির্ধারিত কোর্স ফি এবং হোস্টেলে থাকা খাওয়া বাবদ যাবতীয় ব্যয় নিজে বহনপূর্বক শিক্ষা গ্রহণ করতে হবে।

ভর্তির আবেদন ফরম সংগ্রহ ও জমা দেয়ার স্থানসমূহঃ

ক্রমিক নং	বিভাগের নাম	সংশ্লিষ্ট দপ্তরের নাম
১।	ঢাকা বিভাগ	উপ প্রধান বন সংরক্ষকের কার্যালয়, শিক্ষা ও প্রশিক্ষণ উইং, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২।	চট্টগ্রাম বিভাগ	পরিচালকের কার্যালয়, ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, পূর্ব নাসিরাবাদ, মৌলভীবাজার, চট্টগ্রাম।
৩।	রাজশাহী বিভাগ	পরিচালকের কার্যালয়, ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, আলেকের মোড়, সপুра, রাজশাহী।
৪।	খুলনা বিভাগ	বন সংরক্ষকের কার্যালয়, খুলনা অঞ্চল, বয়রা, খুলনা।
৫।	বরিশাল বিভাগ	বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, নতুন বাজার, বরিশাল।
৬।	সিলেট বিভাগ	পরিচালকের কার্যালয়, ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, ক্যাডেট কলেজ রোড, সিলেট।
৭।	রংপুর বিভাগ	বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, রংপুর।

www.eduresultbd.com



৭/৭/১৪

(এ.এস.এম জহির উদ্দিন আকন)

উপ বন সংরক্ষক

শিক্ষা ও প্রশিক্ষণ উইং

ও

সদস্য সচিব

ডিপ্লোমা ইন ফরেস্ট্রি ছাত্র ভর্তি কমিটি-২০১৪-১৫

ফোনঃ ৮১৮১৬০৮

